

MIDNAPORE DISTRICT COASTAL FISH VENDORS' UNION

Trade Union Regd. NO.- 23219, (03.09.1999)

Affiliated - National Fish Workers Forum (NFF) .

মেদিনীপুর জেলা উপকূলীয় মৎস্য ভেণ্ডর ইউনিয়ন

ইউনিয়ন কার্যালয় : কাঁথি সেন্ট্রাল বাসস্ট্যাণ্ড (মাউন্টেন ক্লাবের পিছনে) : কাঁথি : পূর্ব মেদিনীপুর : ৭২১৪০১
(মোঃ ৯৮০০৭৭৭৪৫৮)

এগরা-২ নং ব্লক শাখা

১৩/০১/২০১৫

প্রতি -

সমষ্টি-উন্নয়ন আধিকারিক

এগরা-২ নং ব্লক

বালিসাই, পূর্ব-মেদিনীপুর

মহাশয়,

ইতিপূর্বে আমরা সহ-মৎস্য অধিকর্তা(সামুদ্রিক, কাঁথি) দপ্তর সূত্রে অবগত হয়ে এবং দপ্তরের নির্দেশ মত এগরা-২ ব্লকে গত ২৫/০৭/২০১২ তারিখে গীতাঞ্জলী প্রকল্পের জন্য একটি উপভোক্তা তালিকা, গত ২০ মার্চ ২০১৩ তারিখে জরুরী দাবিপত্র সম্বলিত একটি স্মারকলিপি দিয়েছি। গত ০২/০১/২০১৪ তারিখে ব্লকে আসা মৎস্য ভেণ্ডরদের জন্য বরাদ্দ ঠাণ্ডাবাক্স ইত্যাদির সুষ্ঠু বিতরণের উদ্দেশ্যে আবেদনপত্র দিই (আবেদন পত্রগুলির অনুলিপি জুড়ে দেওয়া হল)। এছাড়া আপনার দপ্তরে বহুবার ইউনিয়নের পক্ষ থেকে দাবি দাওয়া পূরণের জন্য যোগাযোগ করা হয়েছে।

অত্যন্ত পরিতাপের বিষয় এই যে ব্লকের একমাত্র রেজিস্টার্ড ইউনিয়ন হওয়া সত্ত্বেও আপনার প্রশাসনের তরফে এই বিষয়ে কোনরকম সদর্থক পদক্ষেপ আমরা দেখতে পাইনি। দাবি-দাওয়াগুলি পূরণে কার্যকরী ব্যবস্থা নেওয়া দূরস্থান, এমনকি মৎস্য ভেণ্ডরদের জন্য যে সরকারি সহায়তাগুলি ব্লক প্রশাসনের কাছে এসেছে সেগুলি বিতরণের ক্ষেত্রে ইউনিয়নের দেওয়া মৎস্য ভেণ্ডরদের তালিকাটিকে সম্পূর্ণ অগ্রাহ্য করা হয়েছে। সংকীর্ণ পক্ষপাতিত্বের মাধ্যমে মৎস্য ভেণ্ডর নয় বা আংশিক সময়ের জন্য অনিয়মিত ব্যবসা করে এমন লোকদের সরকারি সহায়তা পাইয়ে দেওয়া হয়েছে। প্রকৃত ও অভাবি মৎস্য ভেণ্ডররা বঞ্চিত হচ্ছেন। আমরা অবিলম্বে এই অন্যায় অবিচারের কারণ জানতে চাই।

এর সাথে আমরা এগরা-২ নং ব্লকের ইউনিয়ন-সদস্য প্রকৃত উপকূলীয় মৎস্য ভেণ্ডরদের একটি নতুন পরিবর্ধিত তালিকা পেশ করছি ও এই তালিকাভুক্ত মৎস্য ভেণ্ডরদের মধ্যে সরকারি সহায়তা বিতরণের দাবি জানাচ্ছি।

মৎস্য ভেণ্ডরদের উপর দীর্ঘ অন্যায় অবহেলা অসহনীয় পর্যায়ে পৌঁছেছে। এরপরও সুরাহা না হলে মৎস্য ভেণ্ডররা এর প্রতিকারে আন্দোলনের পথে যেতে বাধ্য হবেন এবং এর জন্য আপনার প্রশাসনই দায়ী থাকবে।

Received Without Verification
Date.....13/01/15
BDO/EO, Egra-II Block & Egra-II P. Samity
Balighai, Purba Medinipur.

কারবারের নিরাপত্তা



পেশার মর্যাদা



আর্থ-সামাজিক উন্নয়ন

MEERAPUR DISTRICT COASTAL FISH VENDORS' UNION

Trade Union Regd. NO.- 23219, (03.09.1999)
Affiliated - National Fish Workers Forum (NFF).

মেদিনীপুর জেলা উপকূলীয় মৎস্য ভেণ্ডর ইউনিয়ন

ইউনিয়ন কার্যালয় : কাঁথি সেন্ট্রাল বাসস্ট্যাণ্ড (মাউন্টেন ক্লাবের পিছনে) : কাঁথি : পূর্ব মেদিনীপুর : ৭২১৪০১
(মোঃ ৯৮০০৭৭৭৪৫৮)

আমাদের দাবী

- অবিলম্বে জাতীয় মৎস্যভেণ্ডর নীতি প্রণয়ন করতে হবে।
- মৎস্যভেণ্ডরদের জন্য সরকারি প্রকল্প ও সুযোগ-সুবিধা মৎস্যভেণ্ডর সংগঠনের অংশগ্রহণের ভিত্তিতে নির্ণয় ও বণ্টন করতে হবে।
- সুদখোর মহাজনের হাত থেকে বাঁচাতে মৎস্য ভেণ্ডরদের স্বল্পসুদে ব্যবসার মূলধন দিতে হবে।
- মাছ বিক্রির জন্য এলাকায় উপযুক্ত সুবিধায়ুক্ত বাজারের ব্যবস্থা করতে হবে।
- সহজ শর্তে ও ভর্তুকি দিয়ে মৎস্য ভেণ্ডরদের জন্য সাইকেল, মোটর সাইকেল ইত্যাদি পরিবহন যানের ব্যবস্থা করতে হবে।
- সহজ শর্তে ও ভর্তুকি দিয়ে মৎস্য ভেণ্ডরদের জন্য আধুনিক ওজন যন্ত্র, মাছসংরক্ষণের ঠান্ডা বাক্স ও মাছ বিক্রির আধুনিক ট্রে দিতে হবে।
- সমস্ত উপকূলীয় মৎস্য ভেণ্ডরদের সেভিংস কাম রিলিফ স্কিম-এর আওতায় আনতে হবে।
- উপকূলীয় মৎস্য ভেণ্ডরদের আর্থিক স্বশক্তিকরণের স্বার্থে মেরিন কো-অপারেটিভ সোসাইটি গঠনের অনুমতি দিতে হবে এবং মৎস্য ভেণ্ডরদের স্বনির্ভর গোষ্ঠীগুলির জন্য ব্যাংক ঋণ সুনিশ্চিত করতে হবে।
- মৎস্য ভেণ্ডরদের জন্য বার্ষিক্যভাতা, জীবন ও স্বাস্থ্য বীমা প্রকল্প চালু করতে হবে।
- মৎস্য ভেণ্ডরদেরকে অর্থনৈতিকভাবে দুর্বল শ্রেণীর জন্য সরকারী আবাসন প্রকল্পের আওতায় আনতে হবে।
- মৎস্য ভেণ্ডরদের নির্মানকর্মীদের মতো সামাজিক সুরক্ষার আওতায় আনতে হবে।
- মৎস্য ভেণ্ডরদের উপর তোলাবাজ-চাঁদাবাজদের অত্যাচার বন্ধ করতে হবে।

বিনীত--

সুজয় কৃষ্ণ জানা

সহ-সভাপতি

মোঃ ৯৭৩৩৮৪৪১৫১

মেদিনীপুর জেলা উপকূলীয় মৎস্য ভেণ্ডর ইউনিয়ন

অচিন্ত্য প্রামাণিক

অচিন্ত্য প্রামাণিক

সম্পাদক

মোঃ ৯৮০০৭৭৭৪৫৮

সুদাম বর

সুদাম বর

সভাপতি

মোঃ ৯০০২১৭১৪৩৯

এগরা-২ নং ব্লক শাখা

মেদিনীপুর জেলা উপকূলীয় মৎস্য ভেণ্ডর ইউনিয়ন

অলক গিরি

অলক গিরি

সম্পাদক

মোঃ ৯৮০০১১০০২৩

অফিস যোগাযোগ - ন্যাশনাল ফিশওয়ার্কার্স ফোরাম(NFF)কার্যালয়, কাঁথি সেন্ট্রাল বাস স্ট্যান্ড, জালাল খাঁবাড়

অচিন্ত্য প্রামাণিক,মোবাইলঃ ৯৮০০৭৭৭৪৫৮; সুজয় জানা,মোবাইলঃ ৯৭৩৩৮৪৪১৫১